# উপজেলা পরিষদের অক্টোবর-২০২১ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোখছেদুল মোমিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>সৈয়দপুর, নীলফামারী। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর। |
| তারিখ | ঃ | ১৪ অক্টোবর ২০২১ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা-১১.৩০টা। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ০৯.০৯.২০২১ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ০৯.০৯.২০২১ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫,নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৫<br>উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তারাগঞ্জ থেকে পোড়ারহাট জিসি পর্যন্ত প্রায় ১৮ কিঃমিঃ রাস্তা পাকা করনের বরাদ্দ পাওয়া গেছে। ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রত্র প্রেরণ করা হয়েছে। দ্রুত প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি উপজেলা পরিষদের যেসব অফিস ভবন মেরামত/সংস্কার করা প্রয়োজন তার চাহিদা জমা দেয়ার অনুরোধ জানান। এছাড়াও আরও বলেন যে, সৈয়দপুর পৌরসভার ০৮নং ওয়ার্ডের একটি ড্রেনের মুখ উপজেলা পরিষদের পুকুরে এসে পড়েছে। যেহেতু পুকুরটি ভরাট করা হবে তাই ড্রেনটির মুখ অন্য পাশে ঘুরিয়ে নেয়ার | সিদ্ধান্ত ৫ ঃ<br>১) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হল।<br>২) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২২ অর্থ বছরের আওতায় প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হল।<br>৩) সৈয়দপুর পৌরসভার ০৮নং ওয়ার্ডের ড্রেনের মুখ উপজেলা পরিষদের পুকুর থেকে অন্য পাশে ঘুরিয়ে নেয়ার জন্য পৌরসভাকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হল। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | জন্য পৌরসভাকে পত্র প্রেরণের অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | | |
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনাঃ ০৬** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় উপস্থাপন করেন যে, উপজেলা নারী উন্নয়ন ফোরামের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | **আলোচনাঃ ৭.১** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, ে টিকাদান কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ৪০% প্রাপ্ত বয়স্ক মানুষকে টিকা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ১,০০,০০০ (এক লক্ষ) টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি অসুস্থ্য ব্যক্তি ছাড়া সবাইকে করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ জানান এবং সকলকে ঘনঘন হাত ধোয়া, মাস্ক পরিধানসহ সামাজিক দূরত্ব বজায় রেখে চলার জন্য অনুরোধ করেন। | সিদ্ধান্ত ৭.১ ঃ সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সৈয়দপুর |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনাঃ ৭.২** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, শেখ রাসেল দিবস উপলক্ষ্যে ১৮/১০/২০২১ ইং তারিখে ১০০টি তালের চারা রোপন করা হবে এবং ১৬ অক্টোবার ২০২১ ইং তারিখে বিশ্ব খাদ্য দিবস উদযাপন করা হবে। এছাড়াও আগামী ১০/১১/২০২১ ইং তারিখে ইঁদুর নিধন অভিযান উদ্বোধন করা হবে। তিনি বলেন যে, প্রণোদনার আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজতলায় রোপন শুরু হয়েছে। অতিরিক্ত ইউরিয়া ও নন ইউরিয়া সার বরাদ্দ পাওয়া গেছে। আগাম রোপা আমন ধান কর্তন শুরু হয়েছে। আগাম আলু রোপন শুরু হয়েছে ও মাঠে রোগ ও পোকামাকড় দমনের লিফলেট বিতরণ চলছে। এছাড়া তিনি বলেন, উপজেলার কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২ ঃ নবী পাট বীজ উৎপাদার ও গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদানের জন্য প্রকৃত কৃষক নির্বাচনসহ কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | **আলোচনাঃ ৭.৩** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। পিপিআর ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলার ডিম,মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনাঃ ৭.৪** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, সারা দেশব্যপী মা ইলিশ সংরক্ষণ অভিযান চলছে। সৈয়দপুরের মাছের বাজারগুলোতে নিয়মিত মনিটরিং টিম পাঠানো হচ্ছে। দেশীয় প্রজাতির মাছ চাষ বৃদ্ধির লক্ষে বিভিন্ন কার্যক্রম চলছে। মাছের প্রদর্শনী কার্যক্রম চলছে। এছাড়া মৎস্য চাষিদেরকে মৎস্য চাষের বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.৪ ঃ বিস্তারিত আলোচনান্তে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে তাঁর দপ্তরের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৫** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক হ্যান্ড স্যানিটাইজার, সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে । এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৫ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার,সৈয়দপুর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনাঃ ৭.৬** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের প্রথম কিস্তির টিআর,কাবিখা/কাবিটার বরাদ্দ অনুযায়ী প্রকল্প গ্রহণ করা হয়েছে। চূড়ান্ত অনুমোদনের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্ত ৭.৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্ধারিত সময়ে টিআর,কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনাঃ ৭.৭** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় তাঁর দপ্তরের অক্টোবর/২০২১ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন-<br>খাবার বড়ি(চক্র)- ৩৫৮২, আপন(চক্র)- ১১৭, কনডম (পিস)- ১৩১১৬, ইনজেকটেবল (ভায়াল)- ১৪৮৯, সিরিঞ্জ-১৫৪১, আইইউডি(টি)-০৫, ইমপ্লান্ট(টি)-৩২, প্রাতিষ্ঠানিক ডেলিভারী-৯৪। এছাড়া স্বাভাবিক প্রসবসহ তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৬.৭ ঃ<br>১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।<br>২) সরকারী নির্দেশনা মোতাবেক নবজাতকের জন্মনিবন্ধন না হলে ইপিআই টিকা প্রদান না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৬.৮** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, চলমান করোনাভাইরাসের প্রভাব বিস্তার রোধে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিদ্যালয় পরিচালনার জন্য হ্যান্ড স্যানিটাইজার,সাবান ও মাস্ক পরিধানের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৮ ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | **আলোচনাঃ ৭.৯** উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি উপজেলা ০১(এক)টি করে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থাপন কাজের একক প্রাক্কলন প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদন করা হয়েছে। উপজেলা ওয়াটসন কমিটি এবং মাননীয় জাতীয় সংসদ সদস্যের সম্মতিক্রমে স্থান নির্বাচনপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিম স্থান নির্বাচনপূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.১০** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র সভায় জানান যে, সামাজিক বনায়নের আওতায় ২৭/০৯/২০২১ ইং তারিখে ভূমি মালিক, সংস্থা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের মাঝে চেক বিতরণ করা হয়েছে। মোট চেক-৭৭টি, মোট টাকার পরিমান-২৬,৫৩,৪০১/- এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র,সৈয়দপুরকে উপজেলার বিভিন্ন এলাকার সামাজিক বনায়নের আওতায় কর্তনযোগ্য বনায়ন এবং ঝুঁকিপূর্ণ গাছ কর্তনের আবেদনের প্রেক্ষিতে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনাঃ ৭.১১** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া করোনাভাইরাসের বিস্তার রোধে দীর্ঘ মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকার পর ০১/১০/২০২১ ইং তারিখ থেকে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ পুনরায় শুরু হয়েছে। এখানে | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | পূর্বে ট্রেড ছিল বিউটিফিকেশন ও ব্লকবাটিক বর্তমানে বিউটিফিকেশন ঠিক আছে তবে ব্লকবাটিক পরিবর্তন হয়ে ফ্যাশন ডিজাইন হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনাঃ ৭.১২** উপজেলা সমবায় কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১২ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা,সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৩** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তর হতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১৩ ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনাঃ ৭.১৪** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, ৬০০০ বিধবা ও বয়স্ক ভাতাভোগীর তালিকা চূড়ান্ত করা হয়েছে। এমআইএস-এ আপলোড করার কাজ চলছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে এ উপজেলার সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৫** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া আগামী ০১/১১/২০২১ ইং তারিখে জাতীয় যুব দিবস উদযাপন করা হবে। উক্ত অনুষ্ঠানে তিনি সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ,ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনাঃ ৭.১৬** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, সৈয়দপুর উপজেলায় **১৫৩৩৭**টি খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় **১০**টাকা কেজির চাল প্রদান করা হয়। এ তালিকাটি হালনাগাদ প্রয়োজন। এ জন্য মাঠ পর্যায় থেকে সকল কার্ড উত্তোলন করে প্রকৃত মালিকের হাতে প্রদান করতে পারলে হালনাগাদ কার্যক্রম সহজ হবে। তিনি ভিজিডির ডিওগুলো যথাসময়ে উত্তোলনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,সৈয়দপুরকে খাদ্য বান্ধক কর্মসূচির আওতায় পূর্বের তালিকা হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনাঃ ৭.১৭** উপজেলা নির্বাচন অফিসার,সৈয়দপুর সভায় জানান যে, বর্তমানে তাঁর দপ্তরের অধিকাংশ কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যাচ্ছে ফলে মানুষের সেবা প্রাপ্তি অপেক্ষাকৃত সহজ হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনাঃ ৭.১৮** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনাঃ ৭.১৯** উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.১৯ উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক,সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২০** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২০ ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনাঃ ৭.২১** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২১ সিনিয়র স্টেশস অফিসার, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২২** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২২ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা গভর্নেন্স প্রজেক্ট | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় ২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে দ্রুত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.২৩ ২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৪** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.২৪ তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা,সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৫** সহকারী প্রোগ্রামার,উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৫ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনাঃ ৭.২৬** আবাসিক মেডিকেল অফিসার,১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর এর প্রতিনিধি সভায় জানান যে, অদ্যাবধি ১৮৭ জন করোনা রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। এ পর্যন্ত সৈয়দপুর উপজেলায় মোট মৃত্যু-০৬ জন। এছাড়াও তিনি বলেন যে, হসপিটাল এলাকায় প্রায়শই চুরি হচ্ছে। এলাকার বখাটে ছেলেরা হসপিটালের সীমানায় প্রবেশ করে নেশা সেবন করে। তিনি এসব বিষয়ে দ্রুত পদক্ষেপ নেয়ার জন্য সভায় অনুরোধ রাখেন। | সিদ্ধান্ত ৭.২৬ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল,সৈয়দপুকে নেশা সেবন ও চুরির বিষয়ে তথ্য সরবরাহের জন্য অনুরোধ করা হলো। তথ্য পাওয়া মাত্রই মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনাঃ ৭.২৭** চেয়ারম্যান, কামারপুকুর ইউপি ,চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি, খাতামধুপুর ইউপি, প্যানেল চেয়ারম্যান কাশিরামবেলপুকুর ইউপি ও প্যানেল চেয়ারম্যান বোতলাগাড়ী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.২৭ সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান,সকল ইউপি,সৈয়দপুর |
| আলোচনা বিবিধঃ | **আলোচনাঃ ৮** সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। “খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন” এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

| | | | |
|---|---|---|---|
| | নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | | |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়,রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়।
এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। সভায় উল্লেখ করা হয় যে, ২০২১-২২ অর্থ বছরে উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সৈয়দপুর উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য ইতোপূর্বে উপজেলা প্রকৌশলী,সৈয়দপুরকে প্রাক্কলন প্রস্তুতের জন্য বলা হলে তিনি নিম্নবর্ণিত তিনটি কাজের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় অনুমোদনের জন্য দাখিল করেন।

প্রকল্পসমূহঃ

(১) **প্রকল্পের নামঃ** উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন মেরামত ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস সংস্কার/মেরামত।

**প্রাক্কলিত অর্থের পরিমানঃ** ৮,৪২,৭৯৮/- (আট লক্ষ বেয়াল্লিশ হাজার সাতশত আটানব্বই )।

(২) **প্রকল্পের নামঃ** সৈয়দপুর উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার (টিনসেড), উপজেলা পরিষদের চামেলী ভবন (টিনসেড) মেরামতসহ আনুষঙ্গিক কাজ।

**প্রাক্কলিত অর্থের পরিমানঃ** ১৬,৮৬,২০৫/- (ষোল লক্ষ ছেয়াশি হাজার দুইশত পাঁচ)।

(৩) **প্রকল্পের নামঃ** উপজেলা পরিষদ,সৈয়দপুরের (ক) উপজেলা যুব উন্নয়ন অফিস মেরামত, (খ) উপজেলা সমাজসেবা অফিস মেরামত, (গ) উপজেলা মৎস্য অফিস মেরামত, (ঘ) উপজেলা হিসাব রক্ষণ অফিস মেরামত, (ঙ) উপজেলা খাদ্য অফিস মেরামত ও (চ) উপজেলা পরিষদের পুরাতন হলরুম মেরামত কাজ।

**প্রাক্কলিত অর্থের পরিমানঃ** ১৪,৬৫,৭৪৬/- (চৌদ্দ লক্ষ, পঁয়ষট্টি হাজার সাতশত ছেচল্লিশ)।

**সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত কাজগুলো জরুরীভিত্তিতে সম্পন্ন করার প্রয়োজন হওয়ায় উপজেলা পরিষদের অফিস ও বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ খাত হতে বরাদ্দের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা মহোদয় বরাবর অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সভায় আরও উল্লেখ করা হয় যে, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের জন্য বরাদ্দকৃত বাসভবনটি বসবাসের জন্য অনুপযোগী হওয়ায় তা জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তদপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, সৈয়দপুর ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অফিস ও বাসাবাড়ী রক্ষণাবেক্ষণ খাত হতে স্পট কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে যাবতীয় কার্যক্রম জরুরীভিত্তিতে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

১৩। উপজেলা প্রকৌশলী,সৈয়দপুর সভায় জানান যে, উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মানের জন্য নির্ধারকৃত স্থানে দলিল লেখকদের রুম রয়েছে। তিনি উক্ত রুম অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান।

**সিদ্ধান্তঃ** সভায় উল্লিখিত বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মানের জন্য নির্ধারিত স্থানটি ফাঁকা করার নিমিত্তে দলিল লেখদের রুমটি অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত কাজের বিল | ৪১,০০০/- |
| ২. | উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত কাজের বিলের ভ্যাট | ৭,৫০০/- |
| ৩. | উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত কাজের বিলের আয়কর | ১,৫০০/- |
| ৪. | উপজেলা পরিষদের হলরুমের চেয়ার ক্রয় বাবদ | ১,৬৪,০০০/- |
| ৫. | উপজেলা পরিষদের হলরুমের চেয়ার ক্রয়ের ভ্যাট | ৩০,০০০/- |
| ৬. | উপজেলা পরিষদের হলরুমের চেয়ার ক্রয়ের আয়কর | ৬,০০০/- |
| ৭. | চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর মহোদয়ের সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |

| | | |
|---|---|---|
| ৮. | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর এর সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৯. | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,সৈয়দপুর সেপ্টেম্বর/২০২১ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদের মালির সেপ্টেম্বর/২০২১ মাসের মজুরী | ১৫,৯৫০/- |
| ১১. | উপজেলা পরিষদের সুইপারের সেপ্টেম্বর/২০২১ মাসের মজুরী | ৭,১৫০/- |
| ১২. | উপজেলা পরিষদের ড্রেন পরিস্কার বাবদ ব্যয় | ৮,০০০/- |
| ১৩. | উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ১৪. | উপজেলা পরিষদ কার্যালয়ের সেপ্টেম্বর/২০২১ আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ১৫. | কম্পিউটার সামগ্রী ক্রয় | ৪,২৯৬/- |
| ১৬. | সহকারী কমিশনার (ভূমি)-র বাসভবনের বৈদ্যুতিক মেরামত বাবদ | ৪,৯৫৮/- |
| ১৭. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত | ৩,১৭৭/- |
| ১৮. | কম্পিউটার সামগ্রী ক্রয়, সহকারী কমিশনার (ভূমি)-র বাসভবনের বৈদ্যুতিক মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত, সেপ্টেম্বর/২০২১ মাসের আপ্যায়ন, আনুষঙ্গিক ব্যয়ের ভ্যাট | ৩,৬৬৭/- |
| ১৯. | কম্পিউটার সামগ্রী ক্রয়, সহকারী কমিশনার (ভূমি)-র বাসভবনের বৈদ্যুতিক মেরামত, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির লাইন মেরামত, সেপ্টেম্বর/২০২১ মাসের আপ্যায়ন, আনুষঙ্গিক ব্যয়ের আয়কর | ১,৪৬৭/- |
| ২০. | জনাব মোঃ আজমল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুরের জানু/২১ হতে জুন/২১ পর্যন্ত ভ্রমন বিল | ২৫,২০০/- |
| ২১. | জনাব মোছাঃ সানজিদা বেগম লাকী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুরের জানু/২১ হতে জুন/২১ পর্যন্ত ভ্রমন বিল | ২৫,২০০/- |
| ২২. | উপজেলা পরিষদের মালির দুর্গা পূজার উৎসব ভাতা | ১৫,৯৫০/- |
| ২৩. | উপজেলা পরিষদের সুইপারের দুর্গা পূজার উৎসব ভাতা | ১৫,৯৫০/- |
| ২৪. | উপজেলা পরিষদের জীপগাড়ীর জুলাই/২১ হতে সেপ্টেম্বর/২১ পর্যন্ত জ্বালানী ব্যয় | ৬৯,৯৯৬/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার জন্য সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
***www.syedpur.nilphamari.gov.bd***

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২১- তারিখ ঃ ১৪ অক্টোবর ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা ......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,....................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব..................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(মোঃ শামীম হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০৫৫২৬৭২২৮৬
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬
unosyedpur@mopa.gov.bd